

সামাজিক যোগাযোগ
মাধ্যম ব্যবহারের ক্ষেত্রে
ডিজিটাল নিরাপত্তা আইনের
প্রতিফলন ও দিকনির্দেশনা



Digital
Literacy
Center



শাওন আমাকে
একটা বিষয় একটু
বুঝিয়ে বলতে
পারবি?

বলো ভাইয়া দেখি আমি পারি কী না।

তুই কী ডিজিটাল
নিরাপত্তা আইন সম্পর্কে
আমাকে একটু ধারণা
দিতে পারবি?

হ্যাঁ পারবো।

শোনো, ডিজিটাল নিরাপত্তা নিশ্চিতকরণের
লক্ষ্যে ২০১৮ সালে ডিজিটাল নিরাপত্তা
আইন প্রণয়ন করা হয়।

বিভিন্ন সামাজিক মিডিয়া, প্রিন্ট মিডিয়া বা অন্য
কোনো ইলেকট্রনিক মিডিয়ার মাধ্যমে ধর্মীয় বা
জাতিগত সংখ্যালঘুদের বিরুদ্ধে ঘৃণা,

সাম্প্রদায়িকতা, চরমপন্থা, সন্ত্রাসী কর্মকাণ্ডে
উস্কানি ও বিস্তার রোধ করার লক্ষ্যে এই
আইনটি প্রণয়ন করা হয়েছিল।

আইনটি বাস্তবায়িত হওয়ার ফলে ইন্টারনেট বা অন্য কোনো
মিডিয়ার মাধ্যমে অপপ্রচার বা কোনো অনুপযোগী তথ্যের
বিস্তারকারী বিভিন্ন দৈর্ঘ্যের জরিমানা বা কারাগারে দণ্ডিত পারে।




এর বাস্তবায়নের ফলে, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ইন্টারনেটে বিদ্যমান যেকোনো অনুপযোগী ও ভ্রান্ত তথ্য বা ডেটা
অপসারণ এবং ব্লক করার আদেশ দেওয়ার ক্ষমতা লাভ করেছে।


যার ফলে, ডিজিটাল মাধ্যম ব্যবহার করে দুর্নীতি
ও মানবাধিকার লঙ্ঘনের মতো কাজগুলিকে
প্রতিরোধ করার বিস্তৃত সুযোগ তৈরি হয়েছে।

ডিজিটাল নিরাপত্তা আইনের মোট ৬২ টি ধারা রয়েছে।

যেগুলোর মাধ্যমে ডিজিটাল প্ল্যাটফর্ম ব্যবহারকারীর
কাজক্ষিত আচরণ, করণীয়-বর্জনীয় কার্যাবলী,
ডিজিটাল নিরাপত্তা বিনষ্টকারীর সাজার পরিধি,

তদন্তকারী প্রতিষ্ঠান ও ব্যক্তিবর্গের
স্বাধীনতার মাত্রা এবং ডিজিটাল
সিকিউরিটি প্রদানকারী সংস্থাসমূহের
রূপরেখা প্রণীত হয়েছে।






খুব ভালো হয়েছে
এই আইন করার কারনে।
তারপর কী আছে বলতো

তারপর চরমপন্থা প্রদর্শন, জাতীয় ও
রাষ্ট্রীয় স্বার্থ ও চেতনার বিরুদ্ধাচরণ
করা বা এমন কিছু শেয়ার করা যার
মাধ্যমে জাতীয়-রাষ্ট্রীয়-ধর্মীয় চেতনা
আঘাতপ্রাপ্ত হয় তাহলে সেটি দণ্ডনীয়
অপরাধ বলে সাব্যস্ত হবে।

এবং ভুল ও বিভ্রান্তি মূলক তথ্যের প্রচার
ও প্রসারের সাথে সংশ্লিষ্ট ব্যক্তিবর্গ দলের
আওতায় বলে গণ্য হবেন।



আসলেই সামাজিক যোগাযোগ মাধ্যম
ব্যবহারকারীদের অবশ্যই মনে রাখা উচিত যে,

বিস্তৃত নেটওয়ার্কের সাথে সংযুক্ত
থাকার ফলে বিশ্ব যেমন হাতের
মুঠোয় চলে এসেছে,

তেমনি এসব বৈশ্বিক
মাধ্যমগুলি ব্যবহারের
সময়ে ব্যক্তিপর্যায়ের
ক্ষুদ্র অসাবধানতা
মারাত্মক ক্ষতির কারণ
হতে পারে।

ঠিক বলেছো।
সবার উচিত তোমার
মত সচেতন হওয়া।



তোকে
অনেক ধন্যবাদ ভাই
তুই কত কিছু
জানিস।